

- ৩। বৈষ্ণবের কুটিনাটি, সাধন ভজন ময়লা মাটি,
এতে কুল পাবেনা আর।
হ'য়ে হরিবোলা প্রেমে ভোলা, হরির, নামটি কর সার ॥
- ৪। নাড়া দরবেশ গোঁড়ে বাউল, ত্যাজে প্রভু হ'লেন আউল,
অটল নিষ্ঠে ব্যবহার।
জীবের চিত্তসন্দ কন্দ বন্ধ, ঘুচাইলেন অন্ধকার ॥
- ৫। গৌঁসাই তারকচাঁদের বাণী, স্বহস্তে লিখিলেন তিনি,
লীলামত প্রমাণ তার।
ওরে অশ্বিনী তোর যায় না ভ্রান্তি মন হ'ল না সংস্কার ॥

৩৫ নং তাল-একতালা

- হরি গুণ ঘুণে দেহ জ্বাবে নিল, আমি না জানি মোর গুণমণিরে।
কোন গুণে তনু জ্বারিল আমার মন মজা'ল ॥
- ১। গুণাতীত গুণের সীমা নাই, তারে কোন গুণেতে পাই,
সত্ত্ব রজঃ তমঃ ত্রিগুণ, ও যাঁর গুণে পাইনা ঠাই।
যেন কি গুণ দিয়ে জ্বারল হিয়ে, যেমন কাঁচা বাঁশে ॥
ঘুণ লগালো। (হারে এই করিল)
- ২। হরি-গুণ-বৈশম্পায়ণ জ্বর, ও যার নাহি অবসর,
ধিক্ ধিক্ করে জীবন জ্বলে, হারে প্রাণে বাঁচা ভার।
ও তার প্রেমানলে মলেম জ্বলেরে, অবশেষে এই করিল ॥
(হারে কোথায় গেল)
- ৩। ফণীরর বিষ কিসেতে গণি, হলাহল বিষের গুণ জানি,
কালকুট বিষে কি করিবে, ওগো সজনী।
আমার হরি বিষে, জীবন নাশে রে, মরমেতে ছেঁ মারিল ॥
(জীবন জ্বলে গেল)